গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
উপ পরিচালক (ভিজিডি)
http://www.dwa.gov.bd

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৮.২৭.২০৯.২২.৮৩

তারিখ: ৯ কার্তিক ১৪২৯
২৫ অক্টোবর ২০২২

বিষয়: **মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের (পূর্বের ভিজিডি) আওতায় ২০২৩-২০২৪ চক্রে ভিডব্লিউবি প্রত্যাশি মহিলাদের আবেদন গ্রহণ ও নির্বাচন প্রক্রিয়ায় গৃহীত পদক্ষেপ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **'ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) কার্যক্রম'** সরকারের অন্যতম সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম। এ কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্র ১ জানুয়ারী, ২০২৩ হতে শুরু হবে। নতুন চক্রের উপকারভোগী নির্বাচনে নিম্নোক্ত কার্যক্রমসমূহ গৃহীত হয়েছে:

১. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কেন্দ্রীয় সমন্বয় কমিটির ০৭/০৯/২০২২ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী অনুমোদিত ভিডব্লিউবি পরিপত্র এবং পরিপত্রের আলোকে কতিপয় নির্দেশনা মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

২. NID লিংক এর জন্য নির্বাচন কমিশনের সাথে MOU করা হয়েছে।

৩. খাদ্য মন্ত্রণালয়ের খাদ্য বান্ধব কর্মসূচির সাথে দ্বৈততা পরিহারের লক্ষ্যে MOU করা হয়েছে।

৪. দ্বৈততা পরিহারের লক্ষ্যে সমাজ সেবা অধিদপ্তরের বিধবা ভাতা কর্মসূচির সাথে মহিলা বিষয়ক অধিদপ্তরের **'ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের** MIS এর সংযোগ স্থাপনের জন্য পত্র দেয়া হয়েছে।

৫.মাঠ পর্যায়ে প্রচার প্রচারনার জন্য বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) এর কারিগরী সহায়তায় মাইকিং এর জন্য জিংগেল (কথাকলি) তৈরী করা হয়েছে। সে অনুযায়ী মাইকিং করার নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া, মাইকিং এর ক্ষেত্রে স্থানীয় মসজিদ এর সহযোগিতা গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছে।

৬. বিশ্বখাদ্য কর্মসূচি'র সহায়তায় ভিডিব্লিউবি উপকারভোগী নির্বাচন সংক্রান্ত সচেতনতা তৈরীতে লিফলেট, কাটআউট, জিংগেল (কথাকলি) এবং সোস্যাল মিডিয়ার জন্য ৪টি **স্বল্প সময়ভিত্তিক** (১৫-২০ সেকেন্ড) ভিডিও ক্লিপস প্রস্তুত করা হয়েছে। যা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট (www.dwa.gov.bd) হতে সংগ্রহ করে এনজিও'দের মাধ্যমে প্রদর্শন এবং পাশাপাশি উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদনক্রমে স্থানীয় ক্যাবল নেটওয়ার্কে বিনামূল্যে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

৭. তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের উপজেলা পর্যায়ের তথ্য সেবা কর্মকর্তা/তথ্য সেবা সহকারীদের সহযোগিতায় ওয়েবসাইটের (www.dwavwb.gov.bd) মাধ্যমে আবেদন গ্রহণ করার লক্ষ্যে ইতোমধ্যে তথ্য আপা প্রকল্পের প্রকল্প পরিচালক এর সাথে আলোচনাক্রমে প্রকল্পের ৩২ (বত্রিশ) জন কর্মকর্তাকে অনলাইনে উপকারভোগী নির্বাচনের আবেদন প্রক্রিয়া সম্পর্কে TOT প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্ণিত ৩২ (বত্রিশ) জন কর্মকর্তা তাদের মাঠ পর্যায়ের অন্যান্য কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করবে।

৮. ভিডব্লিউবি কার্যক্রম এবং মা ও শিশু সহায়তা কর্মসূচি'র বর্তমানে চুক্তিবদ্ধ এনজিও, আইজিএ প্রকল্পের প্রশিক্ষক, কিশোর-

কিশোরী ক্লাবের সদস্য, মা ও শিশু সহায়তা কর্মসূচি'র ইউনিয়ন উইমেন ডেভেলপমেন্ট ওয়ার্কার এর সহযোগিতায় মাঠ পর্যায়ে প্রচার প্রচারনা পরিচালনা ও অবহিতকরণের জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদেরকে পত্র দেয়া হয়েছে।

৯. A2i এর একসেবা বা MyGov পোর্টালে যেয়ে এবং ৩৩৩ নম্বরে কল করে বিনামূল্যে আবেদন করার লক্ষ্যে ইতোমধ্যে A2i এর একসেবা, UDC বা MyGov section এর সাথে যোগাযোগ করা হয়েছে।

১০. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কেন্দ্রীয় সমন্বয় কমিটির ০৭/০৯/২০২২ খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ইউডিসি এর উদ্যোক্তাদের সহযোগিতায় বিনামূল্যে আবেদন গ্রহণের লক্ষ্যে সকল জেলা প্রশাসক বরাবর আধা-সরকারি পত্র প্রদানের নিমিত্ত মন্ত্রণালয়ে অনুরোধ পত্র প্রেরণ করা হয়েছে। পাশাপাশি A2i এর মাধ্যমে UDC দের প্রশিক্ষণের জন্য ব্যবস্থা নেয়া হয়েছে।

১১. ইতোমধ্যে অত্র দপ্তরের মাঠ পর্যায়ের উপপরিচালক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও প্রোগ্রাম অফিসারদের উপকারভোগী নির্বাচনের আবেদন প্রক্রিয়া সম্পর্কে (Zoom Cloud এ) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১২. ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রে ডিজিটাল পদ্ধতিতে আবেদনের জন্য ওয়েবসাইটের পাশাপাশি বিশ্ব খাদ্য কর্মসূচি'র সহযোগিতায় একটি মোবাইল অ্যাপ প্রস্তুত করা হয়েছে। ওয়েবসাইটের মত অ্যাপটির মাধ্যমেও যেকোনো স্থান থেকেই আবেদন করা যাবে। এই মোবাইল অ্যাপের মাধ্যমে পার্বত্য এলাকার সকল উপজেলা এবং প্রয়োজনে অন্যান্য দুর্গম উপজেলার জন্য, যেখানে ইন্টারনেট সংযোগ নেই, **অনলাইনের পাশাপাশি** অফলাইনে আবেদন করার সুযোগ সৃষ্টি করা হয়েছে। মোবাইল অ্যাপসটি Google Play Store এ "VWB" নামে (পূর্বের ভিজিডি) পাওয়া যাবে। মোবাইল অ্যাপের মাধ্যমে অফলাইনে আবেদন করার ক্ষেত্রে উপজেলার তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হলো। শুধুমাত্র সংযুক্ত তালিকায় বর্ণিত উপজেলাসমূহে মোবাইল অ্যাপের মাধ্যমে অফলাইনে আবেদন করার সুযোগ থাকবে।

উল্লেখ্য যে ২০২৩-২০২৪ চক্রে ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের নতুনসংযোজন "VWB" মোবাইল অ্যাপ এবং দুর্গম/পাহাড়ি এবং হাওর উপাজেলার জন্য (তালিকা সংযুক্ত) অফলাইন আবেদনের অপশন তৈরি করা হয়েছে যা ডিজিটাল বাংলাদেশের জন্য এক যুগান্তকারী পদক্ষেপ। উক্ত বিষয়সমূহের আলোকে ২০২৩-২০২৪ চক্রে ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের নতুন সংযোজন "VWB" মোবাইল অ্যাপটি অন্যান্য উন্নয়ন সহযোগীসহ উদ্বোধন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

উপরোক্ত বিষয়সমূহ সদয় অবগতিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অবহিত করা হলো।

২৭-১০-২০২২
ফরিদা পারভীন
মহাপরিচালক
ফোন: ০২-৪৮৩১৯১৪৯
ইমেইল: dwadhaka@gmail.com

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** অতিরিক্ত সচিব, কার্যক্রম অনুবিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৮.২৭.২০৯.২২.৮৩/১

তারিখ: ৯ কার্তিক ১৪২৯
২৫ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর

২) অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর

৩) প্রতিনিধি, বিশ্বখাদ্য কর্মসূচি, ঢাকা।

২৭-১০-২০২২

ফরিদা পারভীন

মহাপরিচালক